দৈনিক ইত্তেফাক

তারিখ 16 MAR 1989
পৃষ্ঠা 1 কলাম 6

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

C12

## পরীক্ষার্থী সাড়ে চার লক্ষ

# আজ এস এস সি পরীক্ষা শুরু

( ইত্তেফাক রিপোর্ট )

আজ ( বৃহস্পতিবার ) দেশের চারটি শিক্ষা বোর্ডের অধীনে সারা-দেশে ১৯৮৯ সনের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস, এস, সি) পরীক্ষা শুরু হইতেছে।

বিদেশের ৭টি কেন্দ্রসহ মোট ৪ শত ৯১টি কেন্দ্রে এইবারের পরীক্ষার্থীসংখ্যা ৪ লক্ষ ৪৯

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

### এসএসসি পরীক্ষা

( ১ম পৃঃ পর )

কিছু ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে। এ বছরের পরীক্ষার্থীদের মধ্যে মোট ছাত্রী হইতেছে ১ লাখ ৩৭ হাজার ২ শত ১১। বিদেশের ৭টি পরীক্ষাকেন্দ্র জেদ্দা, রিয়াদ, ত্রিপোলী, দোহা, আবুধাবী, কুয়েত ও লণ্ডনে ত্রিশজন ছাত্র ও দশজন ছাত্রী পরীক্ষায় অংশ নিতেছেন। ১৯৮৮ সালে উপজেলা সদরের বাহিরে যে ৪৮টি পরীক্ষাকেন্দ্র ছিল ঐগুলি বাতিল করা হইয়াছে।

ঢাকা বোর্ডের ১ শত ৩৮টি পরীক্ষাকেন্দ্রে এই বছর ৮৬ হাজার ৪ শত ৯৩ জন ছাত্র ও ৫২ হাজার ৮০ জন ছাত্রী পরীক্ষায় অংশগ্রহণের জন্য তালিকাভুক্ত হইয়াছে। কুমিল্লা বোর্ডের পরীক্ষাকেন্দ্র ১ শত ২১, তালিকাভুক্ত পরীক্ষার্থীর মধ্যে ৭৮ হাজার ২৮ জন ছাত্র এবং ৩৫ হাজার ৬ শত ৮ জন ছাত্রী। রাজশাহী বোর্ডে পরীক্ষার্থীদের ৮৬ হাজার ২ শত ৩৯ জন ছাত্র ও কুড়ি হাজার ৭ শত আশিজন ছাত্রী, পরীক্ষাকেন্দ্র ১ শত ৩২। যশোর বোর্ডের ১ শত পরীক্ষাকেন্দ্রে ৬১ হাজার ৩ শত ৭১ জন ছাত্র ও ২৮ হাজার ৭ শত ৪৩ জন ছাত্রী পরীক্ষায় অংশগ্রহণের জন্য তালিকাভুক্ত।